

চ. কোন সদস্য সংগঠনের কার্যাবলী প্রভৃতি যদি বামাসপ-এর ভাবমূর্তি নষ্ট করা অথবা শৃঙ্খলা ভংগের পর্যায়ে পড়ে তাহলে নির্বাহী কমিটি ক্ষমতাবলে উক্ত সদস্য সংগঠনের সদস্যপদ সাময়িকভাবে স্থগিত রাখতে অথবা বাতিল করতে পারবেন। অবশ্য এই সিদ্ধান্ত সাধারণ সভায় অনুমোদন করাতে হবে। তবে উক্ত সদস্য সংগঠনকে লিখিতভাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হবে।

ছ. সংস্থায় চাকুরী গ্রহণ করে বেতন ও ভাতাদি গ্রহণ করলে।

৫.৫ সদস্যপদ পুনর্বহাল

অত্র গঠনতন্ত্রের ৫.৩ অনুচ্ছেদ অনুযায়ী সদস্যপদ স্থগিত/বাতিলকৃত কোন সংগঠনের সদস্যপদ পুনর্বহালের বিষয়ে নির্বাহী পরিষদের সুপারিশ থাকলে সাধারণ পরিষদ বিষয়টি পুনর্বিবেচনা করে সাধারণ সদস্য পদ পুনরায় প্রদান করতে পারবে।

৬. সাংগঠনিক কাঠামো

সাধারণ পরিষদসহ বামাসপ-এর তিনটি সাংগঠনিক পরিষদ থাকবে। সেগুলি নিম্নরূপঃ

- (১) সাধারণ পরিষদ
- (২) উপদেষ্টা পরিষদ
- (৩) নির্বাহী পরিষদ।

৬.১ সাধারণ পরিষদ

ক. সাধারণ পরিষদের গঠন

প্রতিটি সাধারণ সদস্য সংগঠন থেকে একজন করে প্রতিনিধি নিয়ে গঠিত হবে সাধারণ পরিষদ। সাধারণ পরিষদ বামাসপ-এর সর্বোচ্চ পরিষদ। সাধারণ পরিষদ বছরে কমপক্ষে একবার সভা করবে। সাধারণ সভায় কোন সাধারণ সদস্য উপস্থিত হতে অপারগ হলে তাঁর নিজস্ব সংগঠন থেকে অন্য আর একজনকে মনোনীত করতে পারবেন। তবে ভোটাভূটির প্রশ্নে সাধারণ সভায় উপস্থিত কোন পর্যবেক্ষক সদস্য ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।

খ. সাধারণ পরিষদের দায়িত্ব ও ক্ষমতা

সাধারণ পরিষদ বামাসপ-এর সর্বোচ্চ ক্ষমতার অধিকারী সাংগঠনিক পরিষদ। বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-এর সার্বিক উন্নয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অগ্রগতির জন্য সাধারণ পরিষদ সচেষ্ট থাকবে। নিম্নোক্ত কার্যাবলী সাধারণ পরিষদের দায়িত্ব ও ক্ষমতার অন্তর্ভুক্তঃ-

- (১) নির্বাচনের মাধ্যমে নির্বাহী পরিষদ নির্বাচন করা;
- (২) বিভিন্ন মেয়াদী কার্যক্রম ও কর্মপরিকল্পনা অনুমোদন করা;
- (৩) বাজেট ও বার্ষিক আয় ব্যয়ের হিসাব এবং অডিট রিপোর্ট অনুমোদনসহ কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন অনুমোদন করা;
- (৪) উপদেষ্টা পরিষদ নিয়োগ করা বা উপদেষ্টা পরিষদের নিয়োগ অনুমোদন করা।

৬.২ নির্বাহী পরিষদ

বামাসপ-এর নির্বাহী পরিষদ হবে ১৫(পনের) সদস্য বিশিষ্ট। সাধারণ পরিষদের নির্বাচনী সভায় সদস্যদের ভোটে এই ১৫(পনের) জন সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হবেন। নির্বাহী পরিষদের কোন পদ শূন্য হয়ে পড়লে তা পূরণের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠান করা যেতে পারে অথবা সাধারণ সদস্যদের মধ্য হতে কোন প্রতিনিধিকে নির্বাহী পরিষদ কো-অপ্ট করতে পারেন। তবে একই ব্যক্তি একাধারে দুই মেয়াদের বেশী নির্বাহী পরিষদের সদস্য নির্বাচিত বা মনোনীত হতে পারবেন না। নির্বাহী পরিষদের কাঠামো হবে নিম্নরূপঃ

আব্দুল হোসেন চৌধুরী
মহাসচিব

পরীক্ষিত
স্বাক্ষর

অনুমোদিত
নির্বাচন কৃত পক্ষের পক্ষে
শেখায়েদী প্রতিষ্ঠান সমূহ

- (১) সভাপতি : ১ (এক) জন।
 (২) সহ-সভাপতি : ৫ (পাঁচ) জন।
 (৩) কোষাধ্যক্ষ : ১ (এক) জন।
 (৪) নির্বাহী সদস্য : ৮ (আট) জন।

বামাসপ-এর পরিচালক পদাধিকার বলে নির্বাহী পরিষদের সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। তবে সদস্য সচিবের কোন ভোটাধিকার থাকবে না।

৬.৩ নির্বাহী পরিষদের ক্ষমতা ও দায়িত্ব

নির্বাহী পরিষদ বামাসপ-এর সর্বোচ্চ নীতি নির্ধারণী কর্তৃপক্ষ। তবে এর সকল কার্যাবলী ও সিদ্ধান্তের জন্য সাধারণ পরিষদের কাছে দায়বদ্ধ থাকবে। নির্বাহী পরিষদের দায়িত্ব ও ক্ষমতা নিম্নরূপ;


- (১) নীতিমালা ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা;
 - (২) কর্মসূচী প্রনয়ণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া;
 - (৩) বাজেট প্রনয়ণ;
 - (৪) নির্বাহী পরিষদের সভায় অডিটফর্ম নিয়োগ করা;
 - (৫) পরিচালকের নিয়োগ ও বাতিল এবং পরিচালক কর্তৃক অন্যান্য কর্মচারী-কর্মকর্তাদের নিয়োগ ও বাতিল অনুমোদন করবেন;
 - (৬) প্রয়োজন বোধে নির্বাহী পরিষদের একজন সদস্যের নেতৃত্বে সাধারণ সদস্যদের নিয়ে উপ-পরিষদ গঠন, উপ-পরিষদের কার্যাবলী পর্যালোচনা ও অনুমোদন করা;
 - (৭) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রশিক্ষণ, সেমিনার, সম্মেলন ইত্যাদি ক্ষেত্রে অংশগ্রহণকারীর মনোনয়ন দেয়া;
 - (৮) পরিচালকের কার্যক্রম তত্ত্বাবধান, পর্যালোচনা ও মূল্যায়ন করা;
 - (৯) বামাসপ-এর যাবতীয় স্থাবর-অস্থাবর সম্পত্তির রক্ষণাবেক্ষণ করবেন পরিচালক, তবে এসবের তত্ত্বাবধান করবেন নির্বাহী পরিষদ;
 - (১০) নির্বাহী পরিষদের অনুমোদন ক্রমে বামাসপ-এর যে কোন চুক্তি পত্রে স্বাক্ষর করবেন পরিচালক;
 - (১১) ফোরাম সভায় গৃহীত সুপারিশ সমূহ অনুমোদন করা;
 - (১২) বছরে কমপক্ষে ছয়টি(৬)টি নির্বাহী পরিষদের সভা করতে হবে। প্রয়োজনে ততোধিক সভা করা যেতে পারে।
- নির্বাহী পরিষদ সদস্যদের পদভিত্তিক দায়িত্ব ও ক্ষমতাঃ


ক. সভাপতির দায়িত্ব ও ক্ষমতা

- (১) বামাসপ-এর নির্বাহী পরিষদের অনুমোদন ক্রমে সভাপতি পরিচালককে নিয়োগ দান করবেন;
- (২) সভাপতি নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ ও বামাসপ-এর ফোরাম সভাসহ অন্যান্য সভায় সভাপতিত্ব করবেন;
- (৩) কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি বা সমান সমান ভোট হলে সভাপতি নির্ণায়ক ভোট(কাটিং ভোট) প্রয়োগ করে সিদ্ধান্ত দিতে পারবেন;

১.২।৩।১


 আকরাম হোসেন চৌধুরী
 মহাসচিব

5
 পত্রীক্ষিত

 আনওয়ারুল করিম

অনুমোদিত

 নিবন্ধীকরণ কৃত পত্রের নকল
 বেঙ্গালুরু প্রাঙ্গণে